গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
এসডিজি সেল
www.sid.gov.bd

বিষয়: জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি (National Data Coordination Committee-NDCC)-এর ২৯তম সভার কার্যবিবরণী।

সভাপতি	:	মোঃ ফিরোজ সরকার, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তারিখ ও সময়	:	১৭/০৬/২০২৬ খ্রি., সকাল ০৯:৩০ টা
স্থান	:	বিবিএস কনফারেন্স রুম (গ্রাউন্ড ফ্লোর), পরিসংখ্যান ভবন, ই-২৭/এ আগারগাঁও, ঢাকা
উপস্থিতি	:	'পরিশিষ্ট ক'-তে সংযুক্ত করা হলো

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের যুগ্মসচিব ড. দিপংকর রায় উপস্থিত সকলকে ২৯তম National Data Coordination Committee (NDCC)-এর সভায় স্বাগত জানান। তিনি বলেন যে, NDCC এর কাজ হচ্ছে তথ্য-উপাত্ত প্রদানকারী সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সাথে সমন্বয় করা। প্রতি ৩ মাস অন্তর NDCC এর সভা আয়োজন করার মাধ্যমে সমন্বয়ের কাজটি যথাযথভাবে সম্পন্ন করা হচ্ছে। এছাড়াও, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মহাপরিচালকের সভাপতিত্বে ডাটা সত্যকরণ (Data Authentication) বিষয়ে একটি কমিটি রয়েছে। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা হতে এসডিজি ট্র্যাকারে আপলোডকৃত ডাটা এ কমিটির মাধ্যমে সত্যকরণ করার পর এসডিজি ট্র্যাকারে প্রকাশিত হয়। তিনি NDCC'র সভাপতিকে তাঁর গতিশীল নেতৃত্বের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং NDCC'র সংশ্লিষ্ট সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করেন। এ পর্যায়ে তিনি উপসচিব, এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগকে NDCC উপস্থাপনা প্রদানের জন্য আহবান জানান।

২। উপসচিব, এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (এসআইডি) বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। তিনি সভার এজেন্ডাসমূহ সভাকে অবহিত করেন। পরবর্তীতে তিনি ২৮তম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যায়ক্রমে সভাকে অবহিত করেন। তিনি বলেন যে, NDCC সভার সিদ্ধান্তের আলোকে এসডিজি সূচক 13.a.1, 17.2.1, 7.a.1 এবং 17.5.1 বাংলাদেশের জন্য প্রযোজ্য কিনা এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য SDG Implementation Review (SIR) কমিটিতে উপস্থাপনের জন্য জিইডি বরাবর পত্র প্রেরণ করা হয়। এ প্রেক্ষিতে SIR কমিটির ১৮তম সভায় এসডিজি সূচক 13.a.1 এবং 16.1.2 বাংলাদেশ সংশ্লিষ্ট নয় মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। সেই মোতাবেক বেইজলাইনবিহীন সূচকের সংখ্যা ২০ এর বদলে ১৮টি হবে। ২৮ তম NDCC সভা হতে অদ্যাবধি ৬টি এসডিজি সূচকের বেইজলাইন ডাটা জেনারেট করা হয়েছে। সুতরাং বেইজলাইনবিহীন সূচকের সংখ্যা ১৮ থেকে কমে এখন ১২টি তে দাঁড়িয়েছে। NDCC সভাকে ফলপ্রসূ করার লক্ষ্যে NDCC সভা আয়োজনের পূর্বে বিষয়ভিত্তিক ৯টি কারিগরি কমিটির সভার আয়োজন করা হয়। বিগত ১৯/০৫/২০২৬ থেকে ২৩/০৫/২০২৬ সময়ে কারিগরি কমিটিসমূহের তাদের নির্ধারিত সভা সম্পন্ন করেছে। তিনি সভাকে অবহিত করেন যে, কারিগরি কমিটির সভাসমূহে নিয়মিতভাবে সংশ্লিষ্ট কমিটির অন্তর্ভুক্ত সূচকসমূহের হালনাগাদ অবস্থা আলোচনা-পর্যালোচনা করা হয়। কারিগরি কমিটিসমূহ হতে প্রাপ্ত সুপারিশসমূহ NDCC সভায় উপস্থাপন করা হয়। পরিবেশ ও জলবায়ু বিষয়ক কারিগরি কমিটির অন্তর্ভুক্ত সূচক 13.3.1 শিক্ষা বিষয়ক কারিগরি কমিটি সংশ্লিষ্ট হওয়ায় শিক্ষা বিষয়ক কারিগরি কমিটিতে সূচক 13.3.1 অন্তর্ভুক্ত করার বিষয়ে সুপারিশ করা হয়।

৩। সভাপতি বলেন, ২০১৫ সালে গৃহীত এসডিজি'র দীর্ঘ ১১ বছর অতিবাহিত হয়েছে। আর মাত্র ৪ বছর বাকী আছে। এসডিজি র‍্যাংকিং এ বাংলাদেশের অবস্থান নিম্নগামী হওয়ায় তিনি উদ্বেগ প্রকাশ করেন। সভাপতি আরো বলেন ২০২৭ সালে VNR এ অংশগ্রহণ ও SDG Progress Report প্রণয়ন করা হবে। এ প্রেক্ষিতে এসডিজির সকল সূচকের বেইজলাইন নিশ্চিত করাসহ দ্রুততম সময়ে সকল সূচকের ডাটা হালনাগাদ করতে হবে। ফলশ্রুতিতে এসডিজি র‍্যাংকিং এ বাংলাদেশের অবস্থান দুই ডিজেটে নিয়ে আসা সম্ভব হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

৪। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা) বলেন যে, বিগত সভায় বেইজলাইন ডাটা ছিলনা ২০ টি সূচকের। বর্তমানে তা কমে ১২টি হয়েছে। ২৮তম সভার সাথে আজকের সভার তুলনা করলে দেখা যায় এ ক্ষেত্রে ভালো অর্জন হয়েছে। এ বিভাগের অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা) NDCC সভায় উপস্থিত বিভিন্ন মন্ত্রণালয় /বিভাগ/সংস্থার প্রতিনিধিগণের উদ্দ্যশ্যে বলেন যে সকলের আন্তরিক প্রচেষ্টায় এসডিজি'র অবশিষ্ট ৪ বছরের মধ্যে ১২ সূচকের বেইজলাইন উপাত্ত নিশ্চিত করাসহ ২০৩০ সালের মধ্যে সকল সূচকের উপাত্ত হালনাগাদ করা সম্ভব হবে। এ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) বলেন যে, বর্তমানে যে ১২ টি সূচকের বেইজলাইন ডাটা নেই সে সূচকগুলোর ডাটা Available করার জন্য

CamScanner

বিষয়ভিত্তিক কারিগরি কমিটিগুলোকে আরও সক্রিয়ভাবে কাজ করতে হবে। এছাড়াও এসডিজি ডাটা রিপোর্টিং-এ নিয়মিত হালনাগাদের জন্য শুধু জরিপের উপর নির্ভরশীল না হয়ে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থায় থাকা প্রশাসনিক ডাটা ব্যবহারের উপর গুরুত্ব দিতে হবে।

৫। সভার এজেন্ডা অনুযায়ী ফোকাল পয়েন্ট কর্মকর্তা এসডিজি সেল, বিবিএস এসডিজি ট্র্যাকারের সর্বশেষ হালনাগাদ অবস্থা সভাকে অবহিত করেন। তিনি এসডিজি ট্র্যাকারের সর্বশেষ স্ট্যাটাস সভায় তুলে ধরে বলেন যে, ২৫০ টি এসডিজি সূচকের মধ্যে বেইজলাইন ডাটাসহ হালনাগাদ ডাটা আছে ১৬৩ টি সূচকের যা ৬৫.৭%, বেইজলাইন আছে কিন্তু ডাটা হালনাগাদ করা নাই ৭৩ টি সূচকের যা, ২৯.৪% এবং বেইজলাইন নাই ১২ টি সূচকের যা ৪.৮%। তিনি অভীষ্ট অনুযায়ী সূচকসমূহের অগ্রগতি এবং বিষয়ভিত্তিক কারিগরি কমিটি'র আওতাধীন সূচকসমূহের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। উপস্থাপনায় দেখা যায় অর্থনীতি বিষয়ক কারিগরি কমিটির আওতায় সর্বোচ্চ ৪টি সূচকের বেইজলাইন ডাটা নেই। তিনি সভাকে অবহিত করেন যে, বিগত ১৫/০৬/২০২৬ তারিখে অনুষ্ঠিত 'এসডিজি বিষয়ক টেকনিক্যাল ওয়ার্কিং' কমিটি সভায় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের প্রতিনিধি উপস্থিত না থাকার কারণে ঐ মন্ত্রণালয় সংশ্লিষ্ট আরও ৪ সূচকের উপাত্ত এসডিজি ট্র্যাকারে প্রকাশ করা সম্ভব হয়নি। এ পর্যায়ে সভাপতি ৩০ জুন, ২০২৬ তারিখে আরেকটি 'এসডিজি বিষয়ক টেকনিক্যাল ওয়ার্কিং' কমিটি সভা আহবান করার জন্য এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করেন।

৬। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী	সহযোগিতায়
৬.১	মেটাডাটা অনুযায়ী আগামী ১ (এক) মাসের মধ্যে এসডিজি সূচক 10.7.2 এর বেইজলাইন ডাটা এসডিজি ট্র্যাকারে আপলোড করতে হবে।	SDG Implementation Review (SIR) কমিটির ১৮তম সভার সিদ্ধান্ত অনুযায়ী ডাটা সোর্স শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।	SIR কমিটির ১৮তম সভার সিদ্ধান্ত অনুযায়ী তথ্য সংগ্রহে সহযোগিতা করবে স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এনজিও বিষয়ক ব্যুরো। বিবিএস এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কারিগরি সহায়তা প্রদান করবে।
৬.২	আগামী ৩০ জুন, ২০২৬ সময়ের মধ্যে এসডিজি সূচক 11.3.2 এর বেইজলাইন ডাটা এসডিজি ট্র্যাকারে আপলোড করতে হবে।	স্থানীয় সরকার বিভাগ	এসডিজি সেল, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
৬.৩	আগামী ৩০ জুন, ২০২৬ সময়ের মধ্যে এসডিজি সূচক 11.c.1 এর বেইজলাইন ডাটা এসডিজি ট্র্যাকারে আপলোড করতে হবে।	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	এসডিজি সেল, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ও সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা
৬.৪	পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের প্রতিনিধির পরবর্তী 'এসডিজি বিষয়ক টেকনিক্যাল ওয়ার্কিং কমিটির' সভায় উপস্থিতি নিশ্চিত করে এসডিজি সূচক 12.1.1, 14.3.1, 15.8.1 এবং 15.9.1 এসডিজি ট্র্যাকারে প্রকাশের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়	এসডিজি সেল, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
৬.৫	আগামী অক্টোবর, ২০২৬ সময়ের মধ্যে এসডিজি সূচক 12.3.1 এর বেইজলাইন ডাটা এসডিজি ট্র্যাকারে আপলোড করতে হবে।	এগ্রিকালচার উইং, বিবিএস	এসডিজি সেল, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
৬.৬	এসডিজি সূচক 14.a.1এর বেইজলাইন ডাটা দ্রুত প্রস্তুত করে এসডিজি ট্র্যাকারে আপলোড করতে হবে।	নৌপরিবহন মন্ত্রণালয়	SIR কমিটির ১৮তম সভার সিদ্ধান্ত অনুযায়ী কার্যবিবরণীতে উল্লিখিত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা
৬.৭	এসডিজি সূচক 16.4.1এর বেইজলাইন ডাটা দ্রুত প্রস্তুত করে এসডিজি ট্র্যাকারে আপলোড করতে হবে।	বাংলাদেশ ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগ	এসডিজি সেল, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

CamScanner

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী	সহযোগিতায়
৬.৮	এসডিজি সূচক 17.5.1 এর বেইজলাইন ডাটা দ্রুত সংগ্রহ করে এসডিজি ট্র্যাকারে আপলোড করতে হবে।	বিডা এবং বাংলাদেশ ব্যাংক	এসডিজি সেল, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
৬.৯	আগামী ৩০ জুন, ২০২৬ তারিখে আরেকটি 'এসডিজি বিষয়ক টেকনিক্যাল ওয়ার্কিং' কমিটি সভা আহবান করতে হবে এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করতে হবে	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো	এসডিজি সেল, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
৬.১০	পরিবেশ ও জলবায়ু বিষয়ক কারিগরি কমিটির অন্তর্ভুক্ত এসডিজি সূচক 13.3.1 শিক্ষা বিষয়ক কারিগরি কমিটি সংশ্লিষ্ট হওয়ায় তা শিক্ষা বিষয়ক কারিগরি কমিটিতে অন্তর্ভুক্ত করার বিষয়ে সুপারিশ করা হয়।	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো	এসডিজি সেল, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
৬.১১	বর্তমানে যে ১২ টি সূচকের বেইজলাইন ডাটা নেই সেগুলো ডাটা Available করার জন্য বিষয়ভিত্তিক কারিগরি কমিটিগুলোকে আরও সক্রিয়ভাবে কাজ করতে হবে। কমিটির সভার সিদ্ধান্তে সুনির্দিষ্টভাবে সমস্যা চিহ্নিতকরণ ও তা সমাধানের উদ্যোগ গ্রহণ করতে হবে। এ লক্ষ্যে বিষয়ভিত্তিক কারিগরি কমিটিসমূহের সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী NDCC সভায় উপস্থাপন করতে হবে।	বিষয়ভিত্তিক কারিগরি কমিটিসমূহের সদস্য-সচিব	এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং এসডিজি সেল, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

৭. পরিশেষে সভাপতি সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/—

মোঃ ফিরোজ সরকার
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
এসডিজি সেল
www.sid.gov.bd

নম্বর: ৫২.০০.০০০০.০২৮.০৬.০০২.২৪.৬০

তারিখ: ১৭ আষাঢ় ১৪৩৩ / ০১ জুলাই ২০২৬

বিষয়: জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি (National Data Coordination Committee-NDCC)-এর ২৯ তম সভার কার্যবিবরণী প্রেরণ।

সূত্র: এ বিভাগের স্মারক নম্বর- ৫২.০০.০০০০.০২৮.০৬.০০২.২৪.৪৯; তারিখ: ০৯/০৬/২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে গত ১৭/০৬/২০২৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি (NDCC)-এর ২৯তম সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ২৯তম সভার কার্যবিবরণী।

হেমন্ত হেনরী কুবি
উপসচিব
ফোন: ০২-৫৫০০৭০৮৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
০৩. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, গণভবন কমপ্লেক্স, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০৫. সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০৮. সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯. সদস্য (সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
১০. পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১১. সচিব, শিল্প মন্ত্রণালয়, ৯১-মতিঝিল বা/এ, ঢাকা।
১২. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. সচিব, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৪. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৫. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৬. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৭. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৮. সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৯. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩০. চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর), আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩১. অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৩২. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ অনুবিভাগ), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।

CamScanner

৩৩. অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা অনুবিভাগ), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৩৪. অতিরিক্ত সচিব (এসডিজি বিষয়ক), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩৫. মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস), ঢাকা।
৩৬. চেয়ারম্যান, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩৭. মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট (নিপোর্ট), আজিমপুর, ঢাকা।
৩৮. মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস), ই-১৭, আগারগাঁও, ঢাকা।
৩৯. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
৪০. মহাপরিচালক (খাদ্য পরিকল্পনা ও পরিবীক্ষণ ইউনিট-FPMU), খাদ্য মন্ত্রণালয়, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা।
৪১. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৪২. মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা।
৪৩. মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, ই-১৬, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪৪. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশি, নীলক্ষেত, ঢাকা।
৪৫. রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন, পরিবহন পুল ভবন (৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।
৪৬. প্রকল্প পরিচালক, এটুআই (a2i) প্রোগ্রাম, ই-১৪/এক্স, আইসিটি টাওয়ার, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪৭. পরিচালক, ইনস্টিটিউট অব স্ট্যাটিসটিক্যাল রিসার্চ অ্যান্ড ট্রেনিং (আইএসআরটি), ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪৮. পরিচালক, সেন্সাস উইং ও সদস্য-সচিব, জরিপ/শুমারি প্রস্তাব পরীক্ষা, অনুমোদন ও পরিবীক্ষণ কমিটি, বিবিএস, ঢাকা।
৪৯. ড. সৈয়দ শাহাদাত হোসেন, অধ্যাপক, ইনস্টিটিউট অফ স্ট্যাটিস্টিক্যাল রিসার্চ অ্যান্ড ট্রেনিং (আইএসআরটি), ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫০. সভাপতি, বাংলাদেশ পরিসংখ্যান সমিতি, ইনস্টিটিউট অফ স্ট্যাটিস্টিক্যাল রিসার্চ অ্যান্ড ট্রেনিং (আইএসআরটি), ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫১. চেয়ারম্যান, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই), ৬০, মতিঝিল সি/এ, ঢাকা (এসডিজি ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট/সংশ্লিষ্ট একজন কর্মকর্তাকে প্রেরণের অনুরোধসহ)।
৫২. প্রেসিডেন্ট, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিজিএমইএ), বিজিএমইএ কমপ্লেক্স, হাউজ#৭/৭এ, সেক্টর#১৭, ব্লক# H-1, উত্তরা, ঢাকা।
৫৩. প্রেসিডেন্ট, বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফেকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিকেএমইএ), প্ল্যানার্স টাওয়ার (৫মতলা), ১৩/এ, সোনারগাঁ রোড, বাংলা মোটর, ঢাকা।
৫৪. নির্বাহী পরিচালক, সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি) বাড়ী #৬/২ (৮ম তলা) এফ ব্লক, কাজী নজরুল ইসলাম রোড, লালমাটিয়া, হাউজিং এস্টেট, ঢাকা।

নম্বর: ৫২.০০.০০০০.০২৮.০৬.০০২.২৪.৬০

তারিখ: ১৭ আষাঢ় ১৪৩৩ / ০১ জুলাই ২০২৬

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, আগারগাঁও, ঢাকা।
০২. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা।
০৪. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, ১৩, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
০৫. প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
০৬. যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা/উন্নয়ন-১/প্রশাসন-১/বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৭. মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক) মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (মুখ্য সমন্বয়ক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৮. সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৯. সদস্য-সচিব (শিক্ষা /স্বাস্থ্য, জনতত্ত্ব ও পুষ্টি/ অর্থনীতি/ আইসিটি/ পরিবেশ ও জলবায়ু/ কৃষি/ আর্থ-সামাজিক/ অপরাধ সুশাসন ও স্বচ্ছতা/ শিল্প ও শ্রম বিষয়ক NDCC-এর আওতাধীন বিষয়ভিত্তিক কারিগরি কমিটি) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
১০. ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এসডিজি সেল, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
১১. মিজ হালিমা নেয়ামত, উন্নয়ন সমন্বয় কর্মকর্তা, ইউএন আবাসিক সমন্বয়কের দপ্তর (UNRCO), UN House, House#1, Road# 86/88, Gulshan 2, Dhaka 1217.
১২. জনাব মো. আনোয়ারুল আরিফ খান, রেজাল্টস ম্যানেজমেন্ট এক্সপার্ট, এটুআই (a2i) প্রোগ্রাম, ই-১৪/এক্স, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
১৩. প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৪. জনাব রিফাত-ই-জাহান সিদ্দিকী, প্রোগ্রাম এ্যাসিসটেন্ট-ডাটা সাইন্স, এটুআই (a2i) প্রোগ্রাম, ই-১৪/এক্স, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
১৫. অফিস কপি।

হেমন্ত হেনরী কুবি
উপসচিব